

**শ্যামগঞ্জ কুলের
প্রধান শিক্ষককে নিয়ে
জটিলতা অব্যাহত**

শ্যামগঞ্জ (নেত্রকোণা) থেকে নিজস্ব সংবাদদাতা : ময়মনসিংহ জেলাধীন গৌরীপুর উপজেলার শ্যামগঞ্জ উচ্চ বিদ্যালয়ের কতিপয় ছাত্র ২৩শে অক্টোবর দুর্নীতির দায়ে সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষককে বিদ্যালয়ে পুনর্বহাল করতে বিদ্যালয় কর্তৃপক্ষকে তিনদিনের আলটিমেটাম দিয়েছে।

শ্রাব তথ্য জানা যায়, দুর্নীতিসহ বিভিন্ন অভিযোগের পরিস্ফুটনে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু হাসান আজাদকে কয়েক বছর পূর্বে বিদ্যালয় কর্তৃপক্ষ সাময়িক বরখাস্ত করেন। এ ব্যাপারে প্রধান শিক্ষকের বিরুদ্ধে দুর্নীতি দমন বিভাগে দায়ের করা একটি মামলা 'উদ্বৃত্তধীন' রয়েছে। ১০ই অক্টোবর সাংস্কৃতিক অনুষ্ঠানের অনুমতি না দেয়াকে কেন্দ্র করে ছাত্রছাত্রীরা একটি মিছিল বের করে। এরপর মিছিলের জন্য অন্তর্ভুক্ত হয়ে নিরীহভাবে কমা প্রার্থনা ও বেশ কিছু দাবি উত্থাপন করে। পূজার ছুটিশেষে ২৩শে অক্টোবর বিদ্যালয় খোলা হলে কতিপয় ছাত্র তাদের দাবির ব্যাপারে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও কমিটির শরণাপন্ন হয়। এ সময় তারা সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক আবু হাসান আজাদকে ফিরিয়ে আনাসহ সকল দাবি মেনে নেয়ার জন্য তিন দিনের আলটিমেটাম দেয়। এ ব্যাপারে বিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে জানা যায়, সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষকের অনুসারী একটি মহল দুর্নীতি দমন বিভাগের মামলাটি খামাচাপা দেয়ার চেষ্টা করছে দীর্ঘদিন ধরে। অবশেষে তারা বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের একটি অংশকে হাতিয়ার হিসেবে ব্যবহার করার চেষ্টা করছে।